

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-৩

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪০৭.৩৮.১৬৪.২৩ নথির বিষয়: Replacement and Repairing of Manhole Cover with Chamber & Sewer Block removal works at Road No-7/A, Road No-14, Road No-13, Dhanmondi & Boshiruddin Road, Kalabagan under MODS Zone-3, Dhaka WASA. কাজের অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: Replacement and Repairing of Manhole Cover with Chamber & Sewer Block removal works at Road No-7/A, Road No-14, Road No-13, Dhanmondi & Boshiruddin Road, Kalabagan under MODS Zone-3, Dhaka WASA. কাজের অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১০/৯/২৩ ১০:৩৩ পূর্বাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ওয়াসা লিংক (tkt-230718150208780, 230528130809030, 230710122915845, 230827130050674; সংযুক্তি:১.) ও গ্রাহক কর্তৃক ফোন কল হতে প্রাপ্ত মৌখিক অভিযোগের প্রেক্ষিতে সরেজমিনে সাইট পরিদর্শন করে দেয়া যায় যে, ধানমন্ডি আবাসিক এলাকার বিভিন্ন সড়কের ০৫ টি হোল্ডিং এর নিকট (রোড নং-৭/এ এর হোল্ডিং নং-৮৪/২ এবং হোল্ডিং নং-৫৬; রোড নং ১৪, হোল্ডিং নং-৮এ/৫/১; রোড নং-১৩, হোল্ডিং নং-১০ এবং বশির উদ্দিন রোড, হোল্ডিং নং-৮৫/১) স্যুয়ার ম্যানহোল কভার ক্ষতিগ্রস্ত হওয়ায় এবং কভার না থাকায় যানবাহন ও পথচারী চলাচলে অসুবিধা সৃষ্টি হচ্ছে যে কোন সময় দুর্ঘটনা সংঘটিত হয়ে জানমালের ক্ষতি সাধিত হতে পারে। এছাড়াও উক্ত ম্যানহোল কভারগুলো রাস্তার সমতলে না থাকায় ম্যানহোল চেম্বার মেরামত ও উঁচু করা না হলে ভবিষ্যতে পয়ঃ ব্লক হলে উক্ত পিটগুলো খুঁজে বের করে মেরামত করা সহ পয়ঃ ব্লক অপসারণ করা কষ্টসাধ্য ও ব্যয়বহুল হবে বিধায় জরুরী ভিত্তিতে ক্ষতিগ্রস্ত ম্যানহোল কভার এবং কভার বিহীন ম্যানহোলগুলো পুনঃস্থাপন করা সহ পয়ঃ ব্লক অপসারণ করা প্রয়োজন। ঢাকা ওয়াসার অধীন মডস জোন-৩ এর ধানমন্ডি এলাকায় গুরুত্বপূর্ণ ব্যক্তি বর্গের আবাসস্থল। ঢাকা ওয়াসার সুনাম রক্ষার্থে বর্ণিত কাজ সমূহ জরুরী ভিত্তিতে করা প্রয়োজন।

সংযুক্তিসমূহ (১):

১। ওয়াসা লিংক হতে প্রাপ্ত অভিযোগ।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১০/৯/২৩ ১০:৪৬ পূর্বাহ্ন

স্যুয়ার ম্যানহোল মেরামত সহ নতুন কভার পুনঃস্থাপন করে পয়ঃ ব্লক অপসারণ কাজটি জরুরী ভিত্তিতে সম্পাদন করার লক্ষ্যে ঠিকাদার প্রতিষ্ঠান “মেসার্স এফ এ এন্টারপ্রাইজ” কে পত্র প্রেরণ করা হলে (সংযুক্তি:২.) ঠিকাদারি প্রতিষ্ঠান কাজটি করতে সম্মতি প্রদান করেন (সংযুক্তি:৩.)। উক্ত কাজটি সম্পাদনের জন্য বর্তমান বাজার দর ও ঢাকা ওয়াসার সর্বশেষ দর অনুসারে একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে (সংযুক্তি: (https://dwsa-d.nothi.gov.bd/))। প্রাক্কলনে টাকার পরিমাণ দাঁড়িয়েছে ৮৪৮,৭৩০.৩০০ (আটচল্লিশ হাজার সাতশত ত্রিশ দশমিক তিন শূন্য শূন্য) টাকা মাত্র।

সংযুক্তিসমূহ (৪):

১। ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।

২। মডস জোন-৩ কর্তৃক ঠিকাদারকে প্রেরিত পত্র।

৩। ঠিকাদার কর্তৃক সম্মতি পত্র।

৪। আলোচ্য কাজের প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ১০/৯/২৩ ১০:৪৭ পূর্বাহ্ন

অত্র কাজটি পিপিআর ২০০৮ এর বিধি ৭৬/(১)(ট) অনুযায়ী সরাসরি ক্রয় পদ্ধতি (DPM)-তে সম্পন্ন করা যেতে পারে এবং কাজটির ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার “পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ” (কোড নং-০১-০৪-০০২) খাত এর ক্রমিক নং-B-14.2.10 হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজের প্রশাসনিক ও আর্থিক অনুমোদন ক্ষমতা “প্রধান প্রকৌশলী” মহোদয়ের আওতাধীন।

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ১০/৯/২৩ ১০:৪৯ পূর্বাহ্ন

এমতাবস্থায়, অনুচ্ছেদ ১.০ এর বর্ণনার আলোকে মডস জোন-৩ এর Replacement and Repairing of Manhole Cover with Chamber & Sewer Block removal works at Road No-7/A, Road No-14, Road No-13, Dhanmondi & Boshiruddin Road, Kalabagan under MODS Zone-3, Dhaka WASA. কাজটি জরুরী ভিত্তিতে সম্পাদনের নিমিত্তে নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) উল্লিখিত কাজটি সম্পাদনের জন্য সর্বমোট ৮৪৮,৭৩০.৩০০ (আটচল্লিশ হাজার সাতশত ত্রিশ দশমিক তিন শূন্য শূন্য) টাকার প্রাক্কলনটি অনুমোদন;

খ) কাজটি অতি জরুরী বিবেচনায় পিপিআর-২০০৮ এর বিধি ৭৬/(১)(ট) অনুযায়ী সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) তে ঠিকাদার “মেসার্স এফ এ এন্টারপ্রাইজ” এর মাধ্যমে সম্পাদনের অনুমোদন এবং


গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার “পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ” (কোড নং-০১-০৪-০০২) খাত এর ক্রমিক নং-B-14.2.10 হতে নির্বাহ করার অনুমোদন।

উল্লিখিত প্রস্তাবসমূহ “প্রধান প্রকৌশলী” মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।


নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা



১০/৯/২৩ ১০:৫২ পূর্বাহ্ন
অনুপমা খসরু লিজা
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩



১০/৯/২৩ ১:১৫ অপরাহ্ন
মিলন মজুমদার
সহকারী প্রকৌশলী
মডস জোন-৩



১০/৯/২৩ ৫:৩৬ অপরাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৩



১১/৯/২৩ ১:৫৭ অপরাহ্ন
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস সার্কেল-১

১১/৯/২৩ ১:৫৭ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)


অনুচ্ছেদ ১.৪ - তারিখ: ১১/৯/২৩ ৩:৪৭ অপরাহ্ন
অনুমোদিত



১১/৯/২৩ ৩:৪৭ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)



১২/৯/২৩ ১:৩৩ অপরাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৩



১২/৯/২৩ ২:৫৫ অপরাহ্ন
মিলন মজুমদার
সহকারী প্রকৌশলী
মডস জোন-৩

১২/৯/২৩ ২:৫৫ অপরাহ্ন
অনুপমা খসরু লিজা
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩